# মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়্যেম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: নি‘আমতের প্রকারভেদ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: নি‘আমতের প্রকারভেদ

নি‘আমত তিন ধরণের।

১. বান্দা কতিপয় নি‘আমত প্রাপ্ত হয় এবং সে তা বুঝতে পারে।

২. কিছু নি‘আমত এখনও প্রাপ্ত হয় নি; সে সেগুলো পাওয়ার আশাবাদী।

৩. কতিপয় নি‘আমত বান্দা প্রাপ্ত হয়েছে; কিন্তু সে তা বুঝতে পারে না।

আল্লাহ কোনো বান্দাকে নি‘আমত পরিপূর্ণ করতে চাইলে তাকে তার প্রাপ্ত বর্তমান নি‘আমত সম্পর্কে অবহিত করান, তাকে নি‘আমতের শুকরিয়া আদায় করার তাওফীক দান করেন যাতে তার নি‘আমত দূরীভূত হয়ে না যায়। কেননা গুনাহের কারণে নি‘আমত চলে যায় এবং শুকরিয়া আদায়ের মাধ্যমে নি‘আমত বলবৎ থাকে। তাকে প্রতিক্ষীত নি‘আমত লাভের জন্য আরো ভালো কাজ করার তাওফীক দান করেন, নি‘আমত লাভের প্রতিবন্ধকতা ও যে কারণে নি‘আমত ছুটে যায় তাকে সে পথ দেখান এবং সে পথ বেঁচে থাকার তাওফীক দান করেন। এভাবে তাকে পরিপূর্ণ নি‘আমতে ভরপুর করে দেন এবং তাকে প্রাপ্ত নি‘আমত সম্পর্কে অবহিত করান, যা সে বুঝতে পারে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9764

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন